

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রমিক নং-১ প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্রমিক নং-২ প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্রমিক নং-৩ পূর্বানুমোদনের কপি।

সংযুক্ত ক্রমিক নং-৪ ডিউটিতে থাকা জনবলের তালিকা।

সংযুক্ত ক্রমিক নং-৫ প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ পবিত্র রমজান মাসে (২০২৫ ইং) সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর IRP#1 ও IRP#2 এ ইফতারের সময় ডিউটি রোস্টার মোতাবেক দায়িত্ব পালনকারীগণের প্রথম ১৫ (পনের) দিনের ইফতার বাবদ আপ্যায়ন ব্যয়ের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্ভা, মেগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্ট এ প্লান্ট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ৭ জন প্রকৌশলীসহ, SCADA সিস্টেম পরিচালনা করার জন্য ৪(চার) জন চুক্তি ভিত্তিক স্ক্যাডা অপারেটর, প্লান্ট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সহযোগিতা করার জন্য ঠিকাদারের মাধ্যমে আউটসোর্স পক্রিয়ায় ৫৪ (চুয়ান) জন জনবল নিয়োজিত রয়েছেন। এছাড়া প্লান্ট নিরাপত্তা কাজে ২০ (বিশ) জন আনসার ও গভীর নলকূপের নিরাপত্তা কাজে ক্লাস্টার বেসিসে ৬৪ (চৌষটি) জন G4S সিকিউরিটি গার্ড নিয়োজিত রয়েছেন। পবিত্র মাহে রমযান মাসে (২০২৫ ইং) সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর IRP#1 ও IRP#2 এ প্রথম ১৫ দিনের ইফতারের সময় ডিউটি রোস্টার মোতাবেক দায়িত্ব পালনকারীগণ-কে ইফতারের খাবার আয়োজন করা প্রয়োজন।

২। সেপ্রেক্ষিতে ডিউটি রোস্টার মোতাবেক পবিত্র রমজান মাসে (২০২৫ ইং) আলোচ্য প্লান্ট-এর IRP#1 ও IRP#2 এ ইফতারের সময় দায়িত্ব পালনকারীগণের ইফতারের খাবারের জন্য পূর্বানুমোদিত দরে মাথা পিছু ৭৫/- (পঁচাত্তর) টাকা করে (সংযুক্তিঃ ০৩) বিভিন্ন দায়িত্বে থাকা ২২ জন (সংযুক্তিঃ ০৪) দায়িত্ব পালনকারীগণের প্রথম ১৫ দিনের জন্য সর্বমোট ২৪,৭৫০/- (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার প্রয়োজন হবে, যার একটি প্রাক্কলন সংযুক্তিঃ ০৫ এ উপস্থাপন করা হল। আলোচ্য কাজটি SKWP এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ২৭ এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৪ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও অনুচ্ছেদ ২ এর বর্ণনানুযায়ী পবিত্র রমজান মাসে (২০২৫ ইং) আলোচ্য প্লান্ট-এর IRP#1 ও IRP#2 এ ইফতারের সময় দায়িত্ব পালনকারীগণের প্রথম ১৫ (পনের) দিনের ইফতার বাবদ সর্বমোট ২৪,৭৫০/- (টাকা চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৫) অনুমোদনসহ কাজটি PPA-2006 এবং PPR-2008 এর বিধিমালা ৮১ এর (১) ধারা মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৪/০৩/২০২৫

মোঃ আবুল কালাম আজাদ

উপ-সহকারী প্রকৌশলী

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

০৪/০৩/২৫

জাফর ইকবাল চৌধুরী

সহকারী প্রকৌশলী

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

০৪/০৩/২৫

মোঃ নাফিজ ইমতিয়াজ

নির্বাহী প্রকৌশলী

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

SE, WSTP-C

০৪/০৩/২০২৫

মিজী গোলাম কিবরিয়া

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

ঢাকা ওয়াসা।

০৪/০৩/২৫

Approved

০৭/০৩

২০২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী

প্রধান প্রকৌশলী

ঢাকা ওয়াসা।

০৪/০৩/২৫

